Pathways to Graduation

PARENT SURVEY AND PROGRAM SELECTION FORM

Pathways to Graduation, District 79
90-01 Sutphin Blvd., 2nd Floor, Jamaica, NY 11435
T: (718) 557-2590 F: (718) 557-2599

NYC Department of Education

**নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন মনে করে যে, আপনার অংশগ্রহণই হলো আপনার শিশুর সাফল্যের চাবি কাঠি। আপনি যখন আপনার সন্তানের জন্য যথার্থ ই. এল. এল. কর্মসূচী নির্বাচন করতে যাবেন, তখন আপনি সকল প্রয়োজনীয় তথ্যাদি অবগত হয়েছেন কি-না, সেটা নিশ্চিত করতে এই জরীপ আপনার জন্য খুবই গুরুত্বপূর্ণ (২ নং পৃষ্ঠা দেখুন)। অনুগ্রহ করে ফরমটি সম্পূর্ণরূপে পূরণ করুন এবং আপনার স্কুলের অভিভাবক সমন্বয়কারীর নিকট ফেরৎ দিন।**

| হ্যাঁ | না | অনুগ্রহ করে একটিতে দাগ দিন |
|---|---|---|
| ρ | ρ | রেজিস্ট্রেশনের সময় আপনার দ্বারা পূরণ করা 'বাড়ীতে ব্যবহৃত ভাষা চিহ্নিতকরণ সংক্রান্ত জরীপ' (HLIS) অনুযায়ী আপনার সন্তান বাড়ীতে ______ ভাষা ব্যবহার করে। এটা কি ঠিক? উত্তর যদি না হয়, তাহলে বাড়ীতে কি ভাষায় কথা বলা হয়? ______ |
| ρ | ρ | ক্রান্তিকালীন দ্বি-ভাষী, দ্বৈত-ভাষা এবং স্বতন্ত্র দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজী শিক্ষা কর্মসূচী যে আপনার সন্তানের স্কুলে এবং/অথবা ডিস্ট্রিক্ট/এলাকার অন্য স্কুলে পাওয়া যায়, এ সংক্রান্ত তথ্য কি আপনি পেয়েছেন? |

উত্তর হ্যাঁ হলে, তথ্যটি আপনার কাছে কিভাবে উপস্থাপন করা হয়েছিলো:

ρ অঞ্চল-ব্যাপী তথ্য-পরিচিতিপর্বে ρ স্কুল তথ্য-পরিচিতিপর্বে

ρ একের-সাথে-এক সাক্ষাৎকারে ρ টেলিফোনের মাধ্যমে

ρ অন্যভাবে (অনুগ্রহ করে পূরণ করুন): ______

| হ্যাঁ | না | অনুগ্রহ করে একটিতে দাগ দিন |
|---|---|---|
| ρ | ρ | আপনি কি পিতা-মাতার জন্য তথ্য-পরিচিতিমূলক ভিডিও দেখেছেন? |
| ρ | ρ | তথ্যগুলো কি আপনার বাড়ীতে ব্যবহৃত ভাষায় উপস্থাপিত করা হয়েছিলো? |
| ρ | ρ | এ সংক্রান্ত সামগ্রী কি আপনার বাড়ীতে ব্যবহৃত ভাষায় পাওয়া সম্ভব ছিলো? |
| ρ | ρ | আপনার সন্তানের জন্য ভিন্ন ভিন্ন কর্মসূচী পাওয়া কি সম্ভব, এ ব্যাপারে প্রশ্ন করার কোন সুযোগ আপনি কি পেয়েছিলেন? |
| ρ | ρ | আপনাকে কি জানানো হয়েছিলো যে, আপনার সন্তানের স্কুলে যদি তার গ্রেড লেভেল-এ যথেষ্ট সংখ্যক বাড়ীতে একই ভাষায় কথা বলা ছাত্র-ছাত্রী থাকে, তাহলে আপনার সন্তানের একটি দ্বৈত-ভাষী ক্লাসে যাওয়ার অধিকার আছে? |
| ρ | ρ | আপনাকে কি জানানো হয়েছিলো যে, যদি আপনার স্কুলে ক্রান্তিকালীন দ্বি-ভাষী ক্লাস গঠন করার জন্য যথেষ্ট সংখ্যক ছাত্র-ছাত্রী না থাকে, তাহলে সন্তানকে একই ডিস্ট্রিক্ট-এর যে স্কুলে ক্রান্তিকালীন দ্বি-ভাষী কর্মসূচী আছে, সে স্কুলে বদলি করার বিষয়ে সিদ্ধান্ত নেয়ার অধিকার আপনার আছে; এবং যদি আপনি বদলি না করতে সিদ্ধান্ত নিয়ে থাকেন, তাহলে তার একই স্কুলে স্বতন্ত্র দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজী কর্মসূচীতে স্থান পাওয়ার? |
| ρ | ρ | আপনাকে কি জানানো হয়েছিলো যে, আপনার সন্তানের স্থান সংকুলান করা হবে সম্পূর্ণ স্কুল বছরের জন্য? |
| ρ | ρ | আপনাকে কি জানানো হয়েছিলো যে, আপনার সন্তানকে যতোদিন পর্যন্ত না সে আর সাহায্য পেতে পারে, ততোদিন আপনার নির্বাচিত কর্মসূচীতে রেখে দেয়াটা তার সফলতার ক্ষেত্রে সাহায্য করবে? |
| ρ | ρ | আপনাকে কি জানানো হয়েছিলো যে, আপনার সন্তানকে তার প্রয়োজনীয় সেবার ক্ষেত্রটি সনাক্তকরণ পর্যন্ত অনধিক দশ দিনের জন্য তার বয়সানুপাতিক ক্লাসে স্থানান্তরিত করা হতে পারে? |

উত্তর না হলে, তথ্য না পাওয়ার কি কারণ ছিলো:

ρ এ সুযোগ কখনো দেয়া হয়নি। ρ সুযোগ দেয়া হয়েছিলো কিন্তু আমি নিতে পারিনি।

ρ অন্য কারণ (অনুগ্রহ করে পূরণ করুন): ______

| হ্যাঁ | না | অনুগ্রহ করে একটিতে দাগ দিন |
|---|---|---|
| ρ | ρ | পরবর্তিতে পূর্ণ করার কোন ব্যবস্থার সুযোগ দেয়া হয়েছিলো কি? উত্তর হ্যাঁ হলে, কখন? ______ |

Pathways to Graduation

PARENT SURVEY AND PROGRAM SELECTION FORM

Pathways to Graduation, District 79
90-01 Sutphin Blvd., 2nd Floor, Jamaica, NY 11435
T: (718) 557-2590 F: (718) 557-2599

NYC Department of Education

# কর্মসূচী নির্বাচন:

ছাত্র-ছাত্রীর শেষ নাম

ছাত্র-ছাত্রীর প্রথম নাম

জন্মের তারিখ

বাড়ীতে ব্যবহৃত ভাষা

শ্রেণী

কক্ষ

**অনুগ্রহ করে কর্মসূচীগুলোকে আপনার পছন্দের ক্রম অনুযায়ী সাজান:**
(প্রথম পছন্দের জন্য “1”, দ্বিতীয় পছন্দের জন্য “2”, এবং তৃতীয় পছন্দের জন্য “3” )

ক্রান্তিকালীন দ্বি-ভাষী শিক্ষা __________

দ্বৈত-ভাষা __________

স্বতন্ত্র দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজী __________

**আমি জানি যে, আমি যদি কোন কর্মসূচী নির্বাচন না করি, অথবা আমি যদি এই ফরম নীচে উল্লেখিত তারিখে ফেরত না দেই, তাহলে আমার সন্তান ক্রান্তিকালীন দ্বিভাষী কর্মসূচীতে স্থান পেতে পারে, যদি এজন্য সেখানে যথেষ্ট সংখ্যক ছাত্র-ছাত্রী পাওয়া যায়। অন্যথায় আমার সন্তান স্বতন্ত্র দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজী ক্লাসে স্থান পাবে। আমি আরো জানি যে, কিছু কিছু পছন্দের সুযোগ এ স্কুলে নাও থাকতে পারে, এবং তা না থাকলে আমার সন্তান একটি স্বতন্ত্র দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজী কর্মসূচীতে স্থান পাবে।**

পিতা-মাতা/অভিভবকের নাম

ঠিকানা (এ্যাপার্টমেন্ট নম্বর-সহ)

দিবা-কালীন টেলিফোন নম্বর

সান্ধ্য-কালীন টেলিফোন নম্বর

স্বাক্ষর

তারিখ

**অনুগ্রহ করে যে তারিখের ভেতর জমা দিতে হবে**

**যেখানে জমা দেবেন**

Pathways to Graduation

ENTITLEMENT LETTER

Pathways to Graduation, District 79
90-01 Sutphin Blvd., 2nd Floor, Jamaica, NY 11435
T: (718) 557-2590 F: (718) 557-2599

NYC Department of Education

Date: ____________

প্রিয় পিতা-মাতা/অভিভাবক:

আপনার সন্তান ________________________________-কে ভর্তি করার সময় আপনি 'বাড়ীতে ব্যবহৃত ভাষা চিহ্নিতকরণ জরীপ' (এইচ.এল.আই.এস.) (Home Language Identification Survey, HLIS)-এ অংশ গ্রহণ করেছিলেন। ঐ জরীপে জিজ্ঞাসিত প্রশ্নের উত্তরে আপনার দেয়া তথ্যের উপর ভিত্তি করে আপনার সন্তানকে ভাষাগত মূল্যায়ন পদ্ধতি (ল্যাব-আর.) (Language Assessment Battery, LAB-R) দ্বারা তার ইংরেজী ভাষায় দক্ষতা যাচাই করা হয়। আপনার সন্তান ল্যাব-আর.-এ ________________ নম্বর পেয়ে একজন ইংরেজী ভাষা শিক্ষার্থী (ই.এল.এল.) হিসেবে নীচে উল্লেখিত কর্মসূচীসমূহের যে কোন একটিতে অংশগ্রহণের যোগ্য বিবেচিত হয়েছে:

- *ক্রান্তিকালীন দ্বি-ভাষী শিক্ষা কর্মসূচী-তে* (Transitional Bilingual Education, TBE) ভাষা এবং মূল বিষয়গুলোর শিক্ষা দেয়া হয় শিক্ষার্থীর জন্মগত ভাষায় এবং একই সঙ্গে দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজীতে দেয়া হয় দৃঢ় শিক্ষাগত নির্দেশনা। শিক্ষার্থী যেভাবে তার ইংরেজীতে দক্ষতা বৃদ্ধি করতে থাকবে তার জন্মগত ভাষায় লব্ধ জ্ঞান এবং প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে, সে ভাবে ইংরেজীতে নির্দেশনা বাড়তে থাকবে এবং জন্মগত ভাষায় নির্দেশনা কমতে থাকবে।

- *দ্বৈত-ভাষা কর্মসূচীতে* (Dual Language Program) কর্মসূচীতে অর্ধেক শিক্ষা দেয়া হয় ইংরেজীতে এবং অর্ধেক শিক্ষা দেয়া হয় কর্মসূচীর উদ্দীষ্ট ভাষায় (যেমন: স্প্যানীশ, চাইনীজ, হেশিয়ান ক্রেওল)। উদ্দীষ্ট ভাষার শিক্ষার্থীদের পাশাপাশি ইংরেজী ভাষার শিক্ষার্থীদেরও শিক্ষা দেয়া হয় যাতে করে শিক্ষার্থীরা হয় উভ-শিক্ষিত ও উভ-সাংস্কৃতিক।

- *স্বতন্ত্র দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজী কর্মসূচী-তে* (Freestanding English as a Second Language, ESL) বিশেষ শিক্ষা পরিকল্পনার মাধ্যমে সমস্ত পড়ালেখা করানো হয় ইংরেজী ভাষার মাধ্যমে।

আপনার সন্তান কি কি শিক্ষামূলক কর্মসূচী এবং সেবা লাভ করতে পারে সে ব্যাপারে প্রশ্ন করার এবং আপনার সন্তানকে আপনার পছন্দ অনুযায়ী কর্মসূচীতে ভর্তি করার সুযোগ আপনি লাভ করতে পারেন আগামী ________________ তারিখ ________________________________-এ অনুষ্ঠিতব্য পিতা-মাতা ও অভিভাবকদের জন্য তথ্য-পরিচিতিমূলক সভায়। অনুগ্রহপূর্বক জরীপ এবং কর্মসূচী নির্বাচন ফরম (Parent Survey and Program Selection Form) (যা এ চিঠির সাথে সংযুক্ত করা আছে) সঙ্গে নিয়ে আসবেন। তথ্য-পরিচিতিমূলক সভার শেষে আপনাকে ফরম পূরণ করতে এবং আপনার পছন্দক্রম অনুযায়ী এমনভাবে কর্মসূচী নির্বাচন করতে বলা হবে যেনো বুঝা যায় যে, আপনার প্রথম পছন্দটি হচ্ছে সে কর্মসূচী, যেখানে আপনি আপনার সন্তানকে ভর্তি করতে সবচেয়ে বেশী আগ্রহী, এমনকি সে কর্মসূচী বর্তমানে আমাদের স্কুলে না থাকলেও। এ তথ্য আমাদেরকে পিতা-মাতার প্রয়োজনানুযায়ী কর্মসূচী তৈরী করতে সহায়তা করবে। আপনাকে অত্যন্ত গুরুত্বের সাথে তথ্য-পরিচিতমূলক সভায় উপস্থিত থাকতে উৎসাহিত করা হচ্ছে যাতে আপনি জেনে-শুনে সিদ্ধান্ত নিতে পারেন। সে যাই হোক, যদি আপনার দ্বারা তথ্য-পরিচিতিমূলক সভায় উপস্থিত হওয়া সম্ভব না হয়, তাহলে অনুগ্রহ করে অভিভাবক সমন্বয়কারী ____________________________-এর সাথে ________________-এ ফোন করে সাক্ষাতের তারিখ ঠিক করুন অথবা ফোনে আলাপ করে কর্মসূচীর বিভিন্ন বিকল্পগুলো সম্বন্ধে আলোচনা করুন। তা সত্ত্বেও ______________-এর মধ্যে অভিভাবক জরীপ এবং কর্মসূচী নির্বাচন ফরম পূরণ করে ________________________-এর কাছে ফেরত দিতে হবে।

আমরা সর্বাত্মক প্রচেষ্টা চালাবো আপনার সন্তানের জন্য কর্মসূচী নির্বাচনে আপনার পছন্দকে সম্মান জানাতে। সে যাই হোক, যে সমস্ত পিতা-মাতারা তাদের সন্তানের জন্য ক্রান্তিকালীন দ্বি-ভাষী শিক্ষা কর্মসূচী নির্বাচন করেছেন, যা বর্তমানে আমাদের স্কুলে নেই, তারা তাদের সন্তানকে একই ডিস্ট্রিক্ট-এর অন্য কোন স্কুলে, যেখানে

# ENTITLEMENT LETTER

অনুরূপ কর্মসূচী আছে, সেখানে বদলি করতে পারেন। অনুগ্রহ করে খেয়াল রাখবেন যে, নিউ ইয়র্ক স্টেট-এর শিক্ষা কমিশনার বিধির ১৫৪ নং ধারা অনুযায়ী এবং আপনার সন্তানের যোগ্যতা অনুযায়ী ন্যুনতমভাবে আপনার সন্তানকে স্বতন্ত্র দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজী কর্মসূচীতে অংশগ্রহণ করতে হবে।
যে কর্মসূচী আপনি আপনার সন্তানের জন্য পছন্দ করবেন, তা হবে পুরো ______________________ স্কুল বৎসরের জন্য। আপনার সন্তানের অব্যাহত যোগ্যতা প্রমাণ হবে নিউ ইয়র্ক স্টেট ইংলিশ এ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ এ্যাচিয়েভমেন্ট টেস্ট (NYSESLAT)-এ তার অর্জিত ফলাফলের মূল্যায়নের ভিত্তিতে, যা এ বসন্তে প্রযুক্ত হবে। আপনার সন্তানের স্বার্থে এটা সবচেয়ে ভালো হবে, যদি বর্তমানে সে যে কর্মসূচীতে আছে, সে কর্মসূচীর সেবা সে যতোদিন পর্যন্ত পেতে পারে, ততোদিন পর্যন্ত যদি সে সেখানেই থাকে। গবেষণায় দেখা গেছে যে, যে সমস্ত শিক্ষার্থীরা বৎসরের পর বৎসর ধরে একই কর্মসূচীতে যাচ্ছে, তারা সিটি এবং স্টেটের পরীক্ষায় আদর্শ মানের ইংরেজী এবং গণিতে ভালো কৃতিত্ব অর্জন করেছে এবং যারা বিভিন্ন বিকল্প কর্মসূচীতে গিয়েছে, তাদের চেয়ে বেশী প্রাতিষ্ঠানিক সাফল্য দেখাচ্ছে।

আমরা আমাদের স্কুলে আপনার সন্তানের একটি সফল প্রাতিষ্ঠানিক বছর দেখার প্রতীক্ষায় আছি। আপনার সন্তানের বিকল্প কর্মসূচী সম্বন্ধে যদি কোন প্রশ্ন থাকে, অনুগ্রহ করে ______________________________-এর সাথে ______________________________________________—এ যোগাযোগ করুন।

আপনার বিশ্বস্ত,

______________________________

Pathways to Graduation

Department of Education

# PLACEMENT LETTER

Pathways to Graduation, District 79
90-01 Sutphin Blvd., 2nd Floor, Jamaica, NY 11435
T: (718) 557-2590  F: (718) 557-2599

Date: ______________

প্রিয় পিতা-মাতা/অভিভাবক:

আপনার সন্তান ____________________________________ ইংরেজী ভাষা শিক্ষার্থী (ই.এল.এল.) হিসেবে বিবেচিত হওয়ার পরিপ্রেক্ষিতে এবং অভিভাবক জরীপ ও কর্মসূচী নির্বাচন ফরমে আপনার দেয়া জবাবের পরিপ্রেক্ষিতে[১] ______________________________________________ কর্মসূচীতে স্থান পেয়েছে। এ কর্মসূচীতে অংশগ্রহণ হবে পুরো ________________________ স্কুল বছরের জন্য।

আপনার সন্তানের অব্যাহত অংশগ্রহণের বিষয়টি নির্ধারিত হবে নিউ ইয়র্ক স্টেট ইংলিশ এ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ এ্যাচিয়েভমেন্ট টেস্ট (এনওয়াই.এস.ই.এল.এ.টি.)-এ তার কৃতিত্বের উপর, যা এ বসন্তে প্রয়োগ করা হবে। আপনার সন্তানের স্বার্থের পক্ষে এটা সবচেয়ে বেশী লাভজনক, যদি যতোদিন পর্যন্ত আপনার সন্তান একই কর্মসূচী পাওয়ার যোগ্য হয়, ততোদিন পর্যন্ত যদি সে একই কর্মসূচীতে থেকে যায়। গবেষণায় দেখা গেছে যে, যে শিক্ষার্থী বছরের পর বছর ধরে একই কর্মসূচীতে যায়, তারা সিটি এবং স্টেট-এর আদর্শ মানের ইংরেজী এবং গণিত পরীক্ষায় ভালো ফল করে এবং যে সমস্ত শিক্ষার্থীরা বিভিন্ন বিকল্প কর্মসূচী বদল করে, প্রাতিষ্ঠানিকভাবে তাদের চেয়ে বেশী সফল হয়।

আমরা আমাদের স্কুলে আপনার সন্তানের একটি সফল স্কুল-বর্ষের প্রতীক্ষায় রইলাম। যদি আপনার সন্তানের বিকল্প কর্মসূচী সম্পর্কে কোন প্রশ্ন থাকে, অনুগ্রহ করে ___________________________________-কে ___________________________________________________________ নম্বরে ফোন করুন।

আপনার বিশ্বস্ত,

_____________________________________________

[1] যদি আপনি অভিভাবক জরীপ এবং কর্মসূচী নির্বাচন ফরম জমা না দিয়ে থাকেন, তাহলে স্টেট আইন এবং কর্মসূচীর প্রাপ্যতার উপর ভিত্তি করে আপনার সন্তানের জন্য স্থান সংকুলান করা হয়েছিলো।